

দুটি সন্তানের বেশী নয়
একটি হলে ভাল হয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং- পপঅ/সিসিএসডিপি/উখ-জনি/২৪৮/২০১৭-১৮/২৪৮৩

তারিখ: ২২ ফেব্রুয়ারি ২০১৮
০৪ ফেব্রুয়ারি ২০১৮

নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের নিয়ন্ত্রণাধীন ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা এবং পুষ্টি সেক্টর কর্মসূচীর (এইচপিএনএসপি) আওতাধীন “ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম (সিসিএসডিপি)” শীর্ষক অপারেশন প্ল্যানের মেয়াদকালীন (জুলাই, ২০১৭- জুন, ২০২২ পর্যন্ত) সময়ের জন্য উন্নয়ন খাতে সৃষ্ট নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। উক্ত পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য বিবরণ/যোগ্যতা নিম্নে উল্লেখ করা হ’ল।

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল/১৫	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা।
১	২	৩	৪
০১	সিনিয়র স্টাফ নার্স (মহিলা) গ্রেড-১০	৬৪ (চৌষট্টি) টি	(ক) উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ (খ) বিএনএমসি কর্তৃক স্বীকৃত ইন্সটিটিউট থেকে কমপক্ষে ০৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা ইন নার্সিং উত্তীর্ণ এবং বিএনএমসি কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত।
০২	ইলেক্ট্রো মেডিকেল টেকনিশিয়ান গ্রেড-১১	১৩ (তের)টি	(ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ (খ) অনুমোদিত ইন্সটিটিউট হতে কমপক্ষে ১(এক) বছরের ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল ট্রেড কোর্স সম্পন্ন। (গ) পরিবার পরিকল্পনা কার্যক্রমে ব্যবহৃত অক্সিজেন সিলিন্ডার, ব্লাড প্রেশার মেশিন, স্টেথোস্কোপ মেশিন, এ্যানেসথেসিয়া মেশিন, অটোক্লেভ মেশিন, সাকার মেশিন ইত্যাদি মেরামতের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
০৩	স্টোর কিপার গ্রেড-১৪	০১ (এক) টি	স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

বেতন ও অন্যান্য সুবিধাদিঃ অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাজেট শাখা-১১ এর ১৪/০১/২০১৬খিঃ তারিখের নং-০৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১০-১৫ সংখ্যক স্মারক মোতাবেক বেতন ভাতা ও অন্যান্য সুযোগ সুবিধা প্রাপ্য হবে।

ক্রঃ নং	পদের নাম	বেতন	অন্যান্য সুবিধা
১	২	৩	৪
০১	সিনিয়র স্টাফ নার্স (মহিলা) গ্রেড-১০	ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য সর্ব সাকুল্যে ২৭১০০/- চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল, রংপুর, নারায়নগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন এলাকার জন্য সর্ব সাকুল্যে ২৫৫০০/- অন্যান্য স্থানের জন্য সর্ব সাকুল্যে ২৪৭০০/-	বিধি মোতাবেক সরকারী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবে।
০২	ইলেক্ট্রো মেডিকেল টেকনিশিয়ান গ্রেড-১১	ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য সর্ব সাকুল্যে ২১৭০০/- চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল, রংপুর, নারায়নগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন এলাকার জন্য সর্ব সাকুল্যে ২০৪৫০/- অন্যান্য স্থানের জন্য সর্ব সাকুল্যে ১৯৮২৫/-	
০৩	স্টোর কিপার গ্রেড-১৪	ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য সর্ব সাকুল্যে ১৮৩০০/-	

উল্লেখ্য যে, উক্ত নিয়োগ ‘সিসিএসডিপি’ শীর্ষক অপারেশন প্ল্যানের মেয়াদকালীন (জুলাই, ২০১৭- জুন, ২০২২) সময় পর্যন্ত বলবৎ থাকবে।

আবেদনের শর্ত ও নিয়মাবলীঃ

- পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েবসাইটে www.dgfp.gov.bd তে প্রবেশ করে Online Application Form এর মাধ্যমে আগামী ০৫/০৫/২০১৮ ইং তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে আবেদন করতে হবে।
- Online আবেদনপত্রে প্রার্থী তার রসিদ ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) pixel এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ২৫০ × প্রস্থ ১৫০) pixel করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ kb ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ kb এর মধ্যে হতে হবে।
- নির্ভুলভাবে আবেদনপত্র Submit করার পর প্রার্থী একটি Application ID সহ ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant Copy পাবেন। উক্ত Applicant Copy প্রার্থী ডাউনলোড অথবা প্রিন্ট করে সংরক্ষণ করবেন।
- প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ সিনিয়র স্টাফ নার্স (গ্রেড ১০) ২০০.০০ ও সার্ভিস চার্জ ২৩.০০ মোট ২২৩.০০(দুইশত তেইশ) টাকা এবং ইলেক্ট্রো মেডিকেল টেকনিশিয়ান (গ্রেড-১১) ও স্টোর কিপার (গ্রেড-১৪) পদের জন্য ১০০.০০ ও সার্ভিস চার্জ ১১.৫০ মোট ১১১.৫০ (একশত এগার টাকা পঞ্চাশ পয়সা) টাকা অফেরতযোগ্য বিকাশ একাউন্টের (নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী) মাধ্যমে আবেদনপত্র Submit করার ৭২ ঘন্টার মধ্যে জমা দিতে হবে। অন্যথায় আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

Rec.Ad.2017

